

আঞ্চলিক নৈতিকতা কমিটি সভার কার্য বিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, যশোরের গঠিত মুখ্য আঞ্চলিক নৈতিকতা কমিটি সভা ২৩.০৩.২০২২ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ এনায়েত করিম এর সভাপতিত্বে মুখ্য আঞ্চলিক কার্যালয়, যশোরে অনুষ্ঠিত হয়।


ক্রঃনং	নাম	পদবী	কমিটিতে অবস্থান
০১	জনাব মোঃ এনায়েত করিম	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক	আহ্বায়ক ও সভাপতি
০২	জনাব এস.এম শামীম রেজা	সহকারী মহাব্যবস্থাপক	সদস্য
০৩	জনাব সুপান্না রানী সাহা	উঃ মুঃ কর্মকর্তা	সদস্য
০৪	জনাব জোসনায়ারা খাতুন	কর্মকর্তা	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

০২. সভার শুরুতে সভাপতি মহোদয় পরিচিতি পর্ব শেষে নিজের পরিচয় দেন এবং সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

০৩. নৈতিকতা কমিটির সভাপতি মহোদয় উল্লেখ করেন যে আঞ্চলিক নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। তিনি শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের জন্য সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান। এক্ষেত্রে অঞ্চলের কর্মকর্তা/কর্মচারীগণ আন্তরিক হবেন এমন আশাবাদ ব্যক্ত করেন।

০৪. সভায় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের জন্য সভার সদস্যগণকে পরামর্শ দেয়া হয়।

- ক) ব্যাংকিং কার্যক্রমে গতিশীলতা আনার মাধ্যমে লোকসান বহনকারী শাখাকে মুনাফা অর্জনকারী শাখায় পরিণত করার জন্য অত্র কার্যালয় হতে কঠোরভাবে মনিটরিং এর সিদ্ধান্ত গ্রহন করা হয়।
- খ) ব্যাংকের প্রচলিত বিধিবিধান পরিপালনের মাধ্যমে সকল কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।
- গ) নাগরিক অডিট আপত্তি মোতাবেক প্রকাশ্য স্বল্প মেয়াদি ঋণ আদায় ও বিতরন জোরদার করন এবং খেলাপী রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন নিশ্চিত করতে হবে।
- ঘ) ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ও আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।
- ঙ) বৃহৎ অংকের ঋণ খেলাপীর সমস্যার সমাধানে কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে।
- চ) ব্যাংকের সকল কর্মকাণ্ড কম্পিউটার প্রযুক্তির ব্যবহার জোরদার করতে হবে।
- ছ) মানিলভারিং প্রতিরোধ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন নিশ্চিত করতে হবে।
- জ) শাখার কর্মপরিবেশ সুশৃংখল রাখা এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক সাজ-সজ্জা দৃষ্টি নন্দন পর্যায়ে রাখার ব্যবস্থা গ্রহন এবং ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে অফিসে নিয়মিত উপস্থিতি ও অবস্থান নিশ্চিত করতে হবে।
- ঝ) শাখার দৃষ্টি গোচর স্থানে সততা ও নৈতিকতা বিষয়ে ডেক্স স্থাপন নিশ্চিত করতে হবে।
- ট) কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওয়ায় ঋণ বিতরন কার্যক্রম শতভাগ স্বচ্ছতা ও নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার পরামর্শ দেয়া হয়।
- ঠ) শাখাসমূহ অনলাইন কার্যক্রম শুরুর প্রাক্কালে সকল ঋণ ও আমানত হিসাবের হিসায়নের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হতে হবে।
- ড) আগামী ২৪.০৩.২০২২ ইং তারিখ বিকাল ৪.০০ সময় সকল শাখা ব্যবস্থাপকদের সাথে মাননীয় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক স্যার জুম মিটিং করে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।
- ৫) নৈতিকতা কমিটির সভার গৃহীত উপরোক্ত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়ন ও পরিপালনের জন্য নির্দেশনা প্রদান পূর্বক সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জোসনায়ারা খাতুন)

কর্মকর্তা

ও


সদস্য নৈতিকতা কমিটি
বিকেবি, মুআকা, যশোর।


(সুপান্না রানী সাহা)

উঃ মুখ্য কর্মকর্তা

ও


সদস্য নৈতিকতা কমিটি
বিকেবি, মুআকা, যশোর।


(এস.এম শামীম রেজা)

সহকারী মহাব্যবস্থাপক

ও

সদস্য নৈতিকতা কমিটি
বিকেবি, মুআকা, যশোর।


(মোঃ এনায়েত করিম)

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সভাপতি নৈতিকতা কমিটি
বিকেবি, মুআকা, যশোর।